

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৬২৫

আগরতলা, ৪ ফেব্রুয়ারি, ২০২৫

আগামীকাল অফার অব অ্যাপয়েন্টমেন্ট বিতরণ  
অনুষ্ঠানে ভার্চুয়ালি অংশ নেবেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী

স্বামী বিবেকানন্দ ময়দানে আগামীকাল বিকেলে এক অনুষ্ঠানে ত্রিপুরা সরকারের বিভিন্ন দপ্তরের মনোনীত প্রার্থীদের মধ্যে অফার অব অ্যাপয়েন্টমেন্ট বিতরণ করা হবে। এই অনুষ্ঠানে কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায়মন্ত্রী অমিত শাহ ভার্চুয়ালি অংশ নেবেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা, কৃষিমন্ত্রী রতনলাল নাথ, অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্ত্বনা চাকমা, পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী, সমাজকল্যাণ ও সমাজশিক্ষামন্ত্রী টিংকু রায়, জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা, মৎস্যমন্ত্রী সুধাংশু দাস, সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, বনমন্ত্রী অনিমেঘ দেববর্মা, শিল্প ও বাণিজ্য রাষ্ট্রমন্ত্রী বৃষকেতু দেববর্মা ও মুখ্যসচিব জে কে সিনহা। অনুষ্ঠানে ২৮০৬ জনকে অফার অব অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হবে।

অফার অব অ্যাপয়েন্টমেন্ট বিতরণ অনুষ্ঠানে স্বাস্থ্য দপ্তরের ফার্মাসিস্ট (অ্যালোপ্যাথি, হোমিওপ্যাথি ও আয়ুর্বেদ), ল্যাব টেকনেশিয়ান এবং রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে জেআরবিটি কর্তৃক মাল্টি টাস্কিং স্টাফ (এমটিএস) পদে মনোনীত প্রার্থীদের মধ্যে অফার অব অ্যাপয়েন্টমেন্ট বিতরণ করা হবে। মনোনীত প্রার্থীদের নিজস্ব অরিজিনাল ডকুমেন্ট, সচিত্র পরিচয়পত্র এবং নিয়োগ সংক্রান্ত পরীক্ষার অরিজিনাল অ্যাডমিট কার্ড নিয়ে দুপুর ১২টা ৩০ মিনিটের মধ্যে স্বামী বিবেকানন্দ ময়দানে উপস্থিত থাকার জন্য রাজ্য সরকারের সাধারণ প্রশাসন দপ্তর থেকে অনুরোধ জানানো হয়েছে। তাছাড়াও অনুষ্ঠানে অন্যান্যদের বিকেল ৩টা ৩০ মিনিটের মধ্যে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়েছে।

\*\*\*\*\*